

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮.২৭৭৫

তারিখ: ৩০ অক্টোবর ২০২৩

বিষয়: বালিদাপাড়া কলেজ পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতিতে (সমিতি আইডি নং- ৪০১৪৩৩-১২) ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায়” বালিদাপাড়া কলেজ পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতির ৭ জন সদস্য বিগত ২৬/০৯/২০২২ তারিখে ৫.২০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। সমিতির সদস্যগণ কর্তৃক ঋণ গ্রহণের সময় সাপ্তাহিক ভিত্তিতে সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধ করার শর্ত থাকলেও সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায়, সমিতির সদস্যরা ঋণ প্রাপ্তির পর শর্তমোতাবেক সাপ্তাহিক ভিত্তিতে সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধ না করে মেয়াদের শেষ পর্যায়ে এককালীন ঋণ পরিশোধ করেছেন। এছাড়া অনেক সদস্য নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ করেননি। যা প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫ম পরিচ্ছেদের ৫.১৫ বহির্ভূত। এর ফলে প্রতীয়মান হয় যে, সুফলভোগী সদস্যগণ আইজিএ ভিত্তিক কোন কর্মকান্ডে গৃহিত ঋণ ব্যবহার করেন না।

এমতাবস্থায়, প্রকল্পের সফলতার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫ম পরিচ্ছেদের ৫.১৫ অনুচ্ছেদ বহির্ভূত হওয়ায় বালিদাপাড়া কলেজ পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতিতে ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বর্ণিত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে উক্ত সমিতিতে ঋণ বিতরণ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

মো: সাদেকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৪১০১০৩৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি,
কালিগঞ্জ, ঝিনাইদহ।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (পরিচালনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী (ইরেসপো), কালিগঞ্জ, ঝিনাইদহ।
৬. অফিস নথি।